# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

স্মারক নং: ঢাবো/পনি/৫০৬ তারিখ: ২২/০৪/২০২৫ খ্রি.

বিষয়: ২০২৫ সালের এসএসসি পরীক্ষার্থীদের অনুপস্থিতির কারণ অনুসন্ধান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের চলমান এসএসসি পরীক্ষায় প্রতিদিন কিছু সংখ্যক পরীক্ষার্থী (ফরম পূরণকৃত) অনুপস্থিত থাকছে যা বিষয়টি উদ্বেগজনক। এ প্রেক্ষিতে ঢাকা শিক্ষা বোর্ড পরীক্ষার্থীদের অনুপস্থিতির কারণ অনুসন্ধানের উদ্যোগ গ্রহণ করেছে।

এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানের যে সকল পরীক্ষার্থী ২০২৫ সালের এসএসসি পরীক্ষার জন্য ফরম পূরণ করেছিলো কিছু এক বা একাধিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করছে না বা প্রথম দিন থেকেই অনুপস্থিত আছে, তাদের সকলের তথ্য গুগল ফরমের মাধ্যমে (লিংক সংযুক্ত) আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে,
ক. প্রত্যেক অনুপস্থিত পরীক্ষার্থীর জন্য পৃথক পৃথক ছকে তথ্য প্রেরণ করতে হবে।
খ. যতজন অনুপস্থিত পরীক্ষার্থীর তথ্য প্রেরণ করবেন ততবার লিংকে ক্লিক করে পৃথক পৃথক ফরমে তথ্য প্রদান করতে হবে।
গ. একজন পরীক্ষার্থীর জন্য একাধিক ছক/ফরম পূরণ করা যাবে না।
ঘ. অনুপস্থিতির কারন জানার জন্য পরীক্ষার্থী বা অভিভাবকের (বাবা/মা/পরিবারের অন্য কোন সদস্য/আইনত অভিভাবক) সাথে স্বশরীরে বা মোবাইল ফোনের মাধ্যমে আলোচনা করে তথ্য সংগ্রহ করতে হবে।
ঙ. কোন কোন পরীক্ষার্থী অনুপস্থিত তা জানার জন্য সংশ্লিষ্ট কেন্দ্র হতে তথ্য সংগ্রহ করতে হবে।

**বিষয়টি অতীব জরুরী।**

গুগল ফরমের লিংক:
https://forms.gle/47kW2ZVKyCX92Lxz8

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২২/০৪/২০২৫

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-২২৩৩৬৯৮১৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান